শিক্ষা নিয়ে গড়ব দেশ

Bangabandhu Sheikh Mujibur Rahman Digital University

তথ্য-প্রযুক্তির বাংলাদেশ

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ

কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির নির্দেশিকা

**Website for Application: https://admission.bdu.ac.bd**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ-এ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ভর্তির জন্য GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা ২০২১-২০২২ এর A ইউনিটে (বিজ্ঞান শাখা) উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্য হতে প্রকৌশল অনুষদ-এর অধীনে ব্যাচেলর অব সায়েন্স ইন ইন্টারনেট অফ থিংস্ (আইওটি) এবং শিক্ষা ও গবেষণা অনুষদ-এর অধীনে ব্যাচেলর অব সায়েন্স ইন আইসিটি ইন এডুকেশন (আইসিটিই) প্রোগ্রামে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রথম বর্ষে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত পদ্ধতিতে আবেদন আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করতে পারবে। ভর্তির বিস্তারিত তথ্য ওয়েবসাইটে (https://admission.bdu.ac.bd) পাওয়া যাবে।

**আবেদনের সময়ঃ ১৭ অক্টোবর ২০২২ দুপুর ১২ঃ০০ টা থেকে ২৭ অক্টোবর ২০২২ রাত ১১ঃ৫৯ মিনিট পর্যন্ত।**

**আসন বিন্যাস**

| অনুষদ | বিভাগ | প্রোগ্রাম | আসন সংখ্যা |
|---|---|---|---|
| প্রকৌশল | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ব্যাচেলর অব সায়েন্স ইন ইন্টারনেট অফ থিংস্ (আইওটি) | ৫০ |
| শিক্ষা ও গবেষণা | শিক্ষা | ব্যাচেলর অব সায়েন্স ইন আইসিটি ইন এডুকেশন (আইসিটিই) | ৫০ |

**০১. ভর্তির আবেদনের যোগ্যতা**

ক. ২০১৯ সালের মাধ্যমিক বা সমমান পরীক্ষায় (বিজ্ঞান শাখা) এবং ২০২১ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় (বিজ্ঞান শাখা) ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৯.৫০ থাকতে হবে।

খ. GST ভর্তি পরীক্ষায় A ইউনিটে (বিজ্ঞান শাখা) যে সকল শিক্ষার্থী তাদের আবশ্যিক বিষয়সমূহসহ ঐচ্ছিক বিষয় হিসেবে গণিতে কোন ঋনাত্বক নম্বর পায়নি শুধুমাত্র তারাই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ-এ ভর্তির জন্য আবেদন করতে পারবে।

| GST পরীক্ষার আবশ্যিক বিষয় | GST পরীক্ষার ঐচ্ছিক বিষয় | ভর্তি যোগ্যতা |
|---|---|---|
| পদার্থবিদ্যা | গণিত | |
| **৫** | **৫** | **যোগ্য** |
| -৮ | ৫ | যোগ্য নহে |
| ১০ | -৫ | যোগ্য নহে |

গ. GST ভর্তি পরীক্ষায় A ইউনিটে (বিজ্ঞান শাখা) অংশগ্রহনকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা ২০১৯ সালের O Level পরীক্ষায় চারটি বিষয়ে 'বি' গ্রেডসহ সকল বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং ২০২১ সালের A Level পরীক্ষায় দুটি বিষয়ে 'বি' গ্রেড এবং একটি বিষয়ে 'সি' গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ-এ আবেদন করতে পারবে। তবে প্রার্থীদের ভর্তির অন্যান্য শর্ত পূরণ করতে হবে।

**০২. ভর্তি পদ্ধতি ও মেধাক্রম**

ক. আবেদনকৃত প্রার্থীদের GST এবং মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে এবং মেধা তালিকার ভিত্তিতে প্রার্থীদের পছন্দক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিষয় বরাদ্দ দেয়া হবে।

খ. চূড়ান্ত মেধাতলিকা প্রনয়নে আবেদনকৃত প্রার্থীদের GST ভর্তি পরীক্ষার গনিত ও পদার্থবিদ্যা বিষয় থেকে ১০০ নম্বর এবং মাধ্যমিক/সমমানের পরীক্ষায় মোট প্রাপ্ত জিপিএ থেকে ২০ নম্বর ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গনিত ও পদার্থবিদ্যায় প্রাপ্ত নম্বর থেকে ৩০ নম্বর বিবেচনা করা হবে। উদাহরণ স্বরূপঃ

| রোল নং | GST পরীক্ষা থেকে প্রাপ্ত নম্বর | | | GST প্রাপ্ত মোট নম্বর (১০০) | মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষা থেকে প্রাপ্ত নম্বর | | | | SSC GPA+ HSC থেকে মোট প্রাপ্ত নম্বর (৫০) | মোট প্রাপ্ত নম্বর (GST+SSC+ HSC) (১৫০) | মেধাক্রম |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পর্দাথবিদ্যা (২৫) | গনিত (২৫) | GST প্রাপ্ত মোট নম্বর (৫০) | | SSC জিপিএ | HSC (গনিত+ পর্দাথবিদ্যা) প্রাপ্ত নম্বর (২০০+২০০) | SSC জিপিএ (২০) | HSC নম্বর (৩০) | | | |
| ১১১ | ৭ | ৭ | ১৪ | ২৮ | ৫ | ৩৮০ | ২০ | ২৮.৫ | ৪৮.৫ | ৭৬.৫ | ১ |
| ১১২ | ৭ | ৬ | ১৩ | ২৬ | ৪.৮ | ৩৭৮ | ১৯.২ | ২৫.৩৫ | ৪৭.৫৫ | ৭৩.৫৫ | ২ |

গ. উপরোক্ত নম্বর বন্টনের ভিত্তিতে মোট নম্বর ১৫০ এর মধ্যে দুই বা ততোধিক আবেদনকারীর প্রাপ্ত নম্বর সমান হলে সেক্ষেত্রে পর্যায়ক্রমে নিম্নোক্ত নিয়ম অনুসরণ করে মেধাক্রম তৈরি করা হবে।

ধাপ-০১: উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় গনিতে প্রাপ্ত নম্বর এর ভিত্তিতে। উদাহরণস্বরূপঃ

| রোল নং | মোট প্রাপ্ত নম্বর (GST+ SSC+HSC) ১৫০ নম্বর | HSC গনিত এর নম্বরের ক্রমানুসারে | মেধাক্রম |
|---|---|---|---|
| ১১১ | ৮০ | ১৮২ | ১ |
| ১১২ | ৮০ | ১৭৮ | ২ |

ধাপ-০২: উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পদার্থবিদ্যায় প্রাপ্ত নম্বর এর ভিত্তিতে। উদাহরণস্বরূপঃ

| রোল নং | HSC গনিত এর নম্বরের ক্রমানুসারে | HSC পর্দাথবিদ্যা এর নম্বরের ক্রমানুসারে | মেধাক্রম |
|---|---|---|---|
| ১১১ | ১৮০ | ১৮০ | ১ |
| ১১২ | ১৮০ | ১৭৮ | ২ |

ধাপ-০৩ : উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ইংরেজিতে প্রাপ্ত নম্বর এর ভিত্তিতে। উদাহরণস্বরূপঃ

| রোল নং | HSC পর্দাথ বিজ্ঞান এর নম্বরের ক্রমানুসারে | HSC ইংরেজী নম্বরের ক্রমানুসারে | মেধাক্রম |
|---|---|---|---|
| ১১১ | ১৮০ | ১৮০ | ১ |
| ১১২ | ১৮০ | ১৭৮ | ২ |

ঘ. এই ভর্তি প্রক্রিয়ায় পর্যায়ক্রমে প্রথম মেধাতালিকা, আসন শূন্য থাকা সাপেক্ষে দ্বিতীয় বা তার অধিক মেধাতালিকা প্রণয়নের মাধ্যমে সম্পন্ন করা হবে (কোটার ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে)।

**০৩. আবেদনকারীর প্রাথমিক আবেদন পূরণ সম্পর্কিত করণীয়**

ক. প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটে (https://admission.bdu.ac.bd) গিয়ে Registration অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে GST ভর্তি পরীক্ষার রোল নম্বর ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। রেজিস্ট্রেশন সফলভাবে সম্পন্ন হলে মোবাইল নম্বর-এ একটি পিন চলে যাবে। মোবাইল নম্বর এ প্রাপ্ত পিন ও GST ভর্তি পরীক্ষার রোল নম্বর-এর মাধ্যমে লগইন করে আবেদন ও আবেদন পরবর্তী ধাপ সম্পন্ন করতে হবে।

খ. এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য বিষয়ের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি যোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সতর্কতার সহিত তার প্রার্থীত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে, যা পরবর্তীতে পরিবর্তন করার কোন সুযোগ থাকবে না।

গ. মুক্তিযোদ্ধা/আদিবাসী কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে।

| **কোটা প্রকৃতি** | ইন্টারনেট অফ থিংস্ (আইওটি) **(আসন সংখ্যা)** | আইসিটি ইন এডুকেশন (আইসিটিই) **(আসন সংখ্যা)** |
|---|---|---|
| মুক্তিযোদ্ধা | ২ | ২ |
| আদিবাসী | ১ | ১ |

**০৪. আবেদন ফি জমাদান**

প্রার্থীকে অনলাইনে Applicant Login অপশনে Login লিংকে গিয়ে GST ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পিন এর মাধ্যমে লগইন করতে হবে। সফলভাবে আবেদন জমা হবার পর আবেদন ফরম এ একটি Application ID দেয়া হবে। এই Application ID ব্যবহার করে আবেদন ফি ৫০০/- (পাঁচশত + চার্জ প্রযোজ্য) টাকা পরিশোধ করতে হবে এবং কনফার্ম স্লিপটি সংরক্ষণ করতে হবে। **আবেদন ফি ২৮ অক্টোবর, ২০২২ তারিখ রাত ১১ঃ৫৯ মিনিট পর্যন্ত পরিশোধ করা যাবে।**

| **Fee Payment Process (ফি পরিশোধ পদ্ধতি)** | |
|---|---|
| **ধাপ ১** | Dashboard |
| **ধাপ ২** | Click pay now button |
| **ধাপ ৩** | Get payment gateway (SSLCommerZ) |
| **ধাপ ৪** | Choose any payment method |
| **ধাপ ৫** | Click pay |
| **ধাপ ৬** | Type your account number |
| **ধাপ ৭** | Enter your OTP to confirm |
| **ধাপ ৮** | Now enter your PIN to confirm |
| **ধাপ ৯** | Done! you will receive a confirmation message from SSLCommerz |

টীকা: বিভিন্ন পেমেন্ট অপশনে আবেদন ফি পরিশোধ করার পদ্ধতি বিভিন্ন রকম হতে পারে। ধারাবাহিকভাবে নির্দেশনা অবলম্বন করার জন্য অনুরোধ করা হলো।

**০৫. ফলাফল প্রক্রিয়া**

প্রার্থীর ফলাফল আবেদন ফরমে উল্লেখিত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে এবং ওয়েবসাইটে ও তার প্রোফাইলে প্রকাশ করা হবে। সঠিকভাবে সফল হওয়া প্রার্থীকে ভর্তির প্রক্রিয়া পরবর্তীতে ওয়েবসাইটে (https://admission.bdu.ac.bd) বিস্তারিতভাবে জানানো হবে।

**বিঃদ্রঃ**

- **প্রথম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ ১লা জানুয়ারী, ২০২৩।**
- **ভর্তি সংক্রান্ত যেকোন তথ্য (সকাল ৮টা থেকে বিকেল ৩ টা পর্যন্ত) ০১৫৫০-০৫০৮৩৩ নম্বরে ফোন করে জানা যাবে।**
- **ভতি সংক্রান্ত যেকোন তথ্য প্রার্থীকে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।**
- **আবেদনকারী GST ওয়েবসাইট থেকে তার মোবাইল নম্বর পরিবর্তন করতে পারবে। এই জন্য অনলাইন আবেদনপত্র এর সাথে প্রয়োজনীয় নথিপত্র সংযুক্ত করতে হবে।**

এই ভর্তি কার্যক্রমের সকল নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত
কাজী আব্দুল্লা আল ফরহাদ
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব), বিডিইউ